ALL INDIA RADIO

আকাশবাণী শিলচর

REGIONAL NEWS UNIT – SILCHAR

EVENING NEWS BULLETIN

**BENGALI**

**30 August 2026** **7:45 PM IST**

==========================================================================

(১) পি এম স্ব-নিধি যোজনার মাধ্যমে দেশের মহিলাদের সবলীকরণের পথ প্রশস্ত হয়েছে বলে প্রধানমন্ত্রীর মন কী বাত অনুষ্ঠানে উল্লেখ ।

(২) মূখ্যমন্ত্রীর অধ্যক্ষতায় দিসপুরের লোকসেবা ভবনে অনুষ্ঠিত মন্ত্রীসভার বৈঠকে বেশকয়েকটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত ।

(৩) নেপালে আবদ্ধ আসামের ৮ জন লোক আজ নিরাপদে দেশে ফিরে আসবেন বলে মূখ্যখ্যমন্ত্রীর প্রকাশ ।

---

বিকশিত ভারতের লক্ষ্যে উপনীত হবার ক্ষেত্রে নেশামুক্ত অভিযান বিশেষ ভূমিকা পালন করবে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মন কী বাতে উল্লেখ করেছেন । তিনি বলেন যে এই অভিযান দ্রুতগতিতে দেশের বিভিন্ন অঞ্চলকে অর্ন্তভুক্ত করে জনসাধারণকে সচেতন করার ক্ষেত্রে শক্তিশালী ভূমিকা গ্রহণ করেছে । আকাশবানীর ১৩৭ তম মন

কী বাত  অনুষ্ঠানে  নিজের মনের ভাব ব্যাক্ত করে প্রধানমন্ত্রী বলেন যে দেশের যুবক যুবতীদের সুস্বাস্থ্য ,সমৃদ্ধি এবং উন্নত ভবিষ্যতের জন্য এটি একটি সম্মিলিত সংকল্প । তিনি  মাদক দ্রব্যের বিরুদ্ধে সচেতনতা সৃষ্টি করা এবং মাদকাশক্ত লোকেদের সহায়তার জন্য এগিয়ে আসা সকলের প্রশংসা করেন । শ্রীমোদী একটি নেশামুক্ত ভারত গড়ার জন্য শক্তিশালী শ্লোগান প্রস্তুত করতে এবং যুবা সংগীত শিল্পীদের নেশামুক্ত জীবনের বার্তা দিয়ে গান সৃষ্টি করার আহ্বান জানান ।

পি এম স্বনিধি যোজনার কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন যে এই প্রকল্পের মাধ্যমে লক্ষ লক্ষ মহিলা স্ব-নির্ভর হয়ে উঠেছেন । শ্রীমোদী বলেন যে দেশের প্রায় ৩৫ লক্ষ মহিলা প্রকল্পের সঙ্গে যুক্ত হয়ে নিজেদের ব্যবসার প্রসার ঘটিয়েছেন ।

বাইট---পি এম

তিনি আজকের অনুষ্ঠানে নাগালেন্ডের ফেক জেলার ওয়েসালু পুর নামের মহিলা ফুল চাষের সম্ভাবনার বিষয়ে লক্ষ্য করে এই চাষ দেশের বাজার দখল করতে সক্ষম হবে বলে উল্লেখ করেন ।

স্বচ্ছতার বিষয়ে উল্লেখ করে শ্রী মোদী বলেন যে কোনও একটি স্থান পরিষ্কার পরিচ্ছন্ন রাখার সংকল্প সেই জায়গার পরিচিতিকেই আমূল পরিবর্তন করে ।

তিনি বলেন যে স্বচ্ছতার ক্ষেত্রে এধরণের প্রয়াস  দেশের বিভিন্ন অংশে জনসাধারণকে অনুপ্রেরণা যোগাচ্ছে । এই প্রসঙ্গে তিনি উত্তর প্রদেশের ক্লিন আপ পাটোয়াই নামের স্বেচ্ছাসেবী দলটির বিষয়ে উল্লেখ করেন । এই দলটি ৪০০ মেট্রিক টনেরও অধিক আবর্জনা সংগ্রহ

করে নিস্কাষনের ব্যাবস্থা করেছে বলেও তিনি জানান । ভারত ছাড়ো আন্দোলন ,স্বাধীনতা দিবস ,বিভাজন বিভীষিকা স্মৃতি দিবস,জাতীয় হস্ততাঁত  দিবস ও জাতীয় মহাকাশ দিবস সহ একাধিক কারণে চলতি মাস বিশেষ গুরুত্বপূর্ণ বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেন । সেইসঙ্গে জাতীয় স্তোত্র বন্দে মাতরমের সার্ধশতবর্ষ পূর্তি চলতি বছরকে আরো স্মরণীয় করে তুলেছে বলেও তিনি উল্লেখ করেন ।

উৎসবের মরশুমে আরো একবার দেশে তৈরী সামগ্রী ব্যাবহারের কথা স্মরণ করান প্রধানমন্ত্রী । তিনি বলেন ভোকাল ফর লোকালের দৃষ্টিভঙ্গী স্থানীয় পণ্যের বাজারকে প্রসারিত করে । এর মাধ্যমে আত্মনির্ভর হয়ে ওঠার পথও প্রশস্ত হয় ।

........................................................................................................

ধলাই বিধানসভা কেন্দ্রের পালংঘাট মন্ডলের কৃষ্ণপুর গঙ্গানগর গ্রামের ২১১ নম্বর বুথে আজ প্রধানমন্ত্রীর মন কি বাত সম্প্রচার করা হয়েছে । মন কি বাত অনুষ্ঠানের আগে বুথ কমিটির একটি সাংগঠনিক সভা অনুষ্ঠিত হয়েছে ।

এদিকে শ্রীভূমি জেলার উত্তর করিমগঞ্জ বিধানসভা আসনের অর্ন্তগত বাকরশাল-বাগবাড়ী মন্ডলের বাগবাড়ী-পিরেরচক গ্রামের কামারগ্রামের ২৬৫ নম্বর বুথে আয়োজিত মন কি বাতের অনুষ্ঠানে বিজেপির জেলা সভাপতি সঞ্জীব বণিক উপস্থিত ছিলেন । অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে জেলা পরিষদ সদস্য অর্চনা সরকার দত্ত , জেলা বিজেপির ও বি সি মোর্চার সাধারন সম্পাদক অসীম দেব প্রমুখ উপস্থিত ছিলেন ।

........................................................................................................

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মার অধ্যক্ষতায় আজ গুয়াহাটীর লোকসেবা ভবনে আয়োজিত মন্ত্রীসভার বৈঠকে বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে ।বৈঠকে রেশন কার্ডের সুবিধাপ্রাপকদেরকে ৭৫ টাকায় মুসুর ডাল এবং ৩৫ টাকা মূল্যে চিনি বিতরণ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে ।গোয়ালপাড়ার রাক্ষসিনী পাহারে বিদ্যুৎ উৎপাদনের জন্য ৫০০ বিঘা জমি বন্টন  করার সিদ্ধান্ত গ্রহণ করা হয় । চন্দ্রপুর , সোণাপুর এবং চাপর সহ রাজ্যের বিভিন্ন অঞ্চলে আসাম শিল্প উন্নয়ন নিগমকে ১ হাজার ৭৪ বিঘা জমি , ধেমাজির দুগ্ধ উন্নয়ন প্রকল্পের জন্য ২৭ বিঘা জমি বন্টন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে ।চাবাগান ক্রয় বিক্রয়ের ক্ষেত্রে বেশ কিছু নীতি নির্দেশনায় অনুমোদন জানানো হয়েছে । গৌহাটী বিশ্ববিদ্যালয়ের পরিকাঠামো উন্নয়নের জন্য ১০৯ কোটি টাকা মঞ্জুর করা সহ পরবর্তী সময়ে বিশ্ববিদ্যালয়কে ১৪০ কোটি টাকা প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে ।আগামী সাত সেপ্টেম্বর উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণনের আসাম সফরের সময় এই অর্থ আনুষ্ঠানিকভাবে বিশ্ববিদ্যালয়কে প্রদান করা হবে । গৌহাটী মেডিক্যাল কলেজ ও হাসপাতালকে ক্যান্সারের উন্নত চিকিৎসার জন্য ৬০০ কোটি টাকার বিশেষ যন্ত্র ক্রয় করার অনুমোদন জানানো হয়েছে ।বৈঠকের পর সাংবাদিকদের সঙ্গে কথাবার্তায় মুখ্যমন্ত্রী রাজ্যের কারাগারগুলোতে এইচ আইভি আক্রান্ত রোগীর সংখ্যা বৃদ্ধি পাওয়ার ঘটনায় উদ্বেগ প্রকাশ করে কারাগারে এইচ আইভি চিকিৎসার জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হবে বলে তিনি উল্লেখ করেন ।

..........................................................................................

নেপালের আকস্মিক বিধ্বংসী বন্যায় আবদ্ধ রাজ্যের ৮ জন লোক আজ নিরাপদে দেশে ফিরে আসবেন বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা জানিয়েছেন ।আজ দিসপুরে অনুষ্ঠিত মন্ত্রীসভার বৈঠকের পর মুখ্যমন্ত্রী সাংবাদিকদের একথা জানান ।

# বাইট - সি এম #

এদিকে নেপালে গত বুধবারের বন্যার পর এপর্যন্ত ১০৮ জন ভারতীয় লোককে উদ্ধার করা হয়েছে বলে বৈদেশিক পরিক্রমা মন্ত্রনালয় সূত্রে জানানো হয়েছে । সামাজিক মাধ্যমে এক বার্তায় মন্ত্রনালয়ের মুখপাত্র রণধীর জয়সওয়াল বলেন যে সন্ধানহীন প্রায় ৫০ জন ভারতীয় লোকের সঙ্গে যোগাযোগ করা সম্ভব হয়েছে । এখনও ২৭৫ জন ভারতীয় সন্ধানহীন সহ ১২৮ জন প্রবাসী ভারতীয়র কোন সন্ধান পাওয়া যায়নি বলে তিনি জানান ।আকস্মিক বন্যায় মৃতের সংখ্যা বেড়ে ৭৬৮ হয়েছে । বৃষ্টি এবং পুনরায় বন্যার আশঙ্কার মধ্যে উদ্ধার অভিযান পূর্ণগতিতে অব্যাহত রয়েছে ।এখনও ২২৭ জন বিদেশী নাগরিক সহ প্রায় ২ হাজার ৫০০ লোক সন্ধানহীন রয়েছেন বলে জানা গেছে ।

........................................................................................................

রাজ্যের খাদ্য , গণবন্টন , গ্রাহক পরিক্রমা বিভাগের মন্ত্রী কৌশিক রাইকে শিলচর মেডিক্যাল কলেজ ও হাসপাতাল পরিচালন সমিতির গর্ভনিং বডির চেয়ারম্যান হিসেবে মনোনীত করা হয়েছে । মেডিক্যাল কলেজের অধ্যক্ষ তথা ভারপ্রাপ্ত সুপারিন্টেডেন্ট অভিজিৎ স্বামীকে গর্ভনিং বডির সম্পাদক , এছাড়া চারজন বিধায়ক ডঃ রাজদীপ রায় ,রাজদীপ গোয়ালা , কিশোর নাথ এবং কমলাক্ষ দে পুরকায়স্থকে

গর্ভর্নিং বডির সদস্য হিসেবে মনোনীত করা হয়েছে । শিলচর মেডিক্যাল কলেজ ও হাসপাতালের পরিচালন সমিতির এক বৈঠকে এই সিদ্ধান্ত গ্রহণ করা হয় ।

..................................................................................................

বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের স্বর্ন জয়ন্তী উদযাপনের অংশ হিসেবে আজ শিলচরের বঙ্গভবনে বহুভাষিক আলোচনা ও কবি সম্মেলন অনুষ্ঠিত হয়েছে । বরাক উপত্যকার বিভিন্ন ভাষা সম্প্রদায়ের সাহিত্য ও সাংস্কৃতি সংগঠনের প্রতিনিধিরা এই কার্যসূচীতে অংশগ্রহণ করেন । বহুভাষিক আলোচনায় ভাষা সংস্কৃতির বৈচিত্রের বন্ধনকে শক্তিশালী করার ওপর গুরুত্ব আরোপ করা হয় । আলোচনার শেষে বিভিন্ন ভাষা সম্প্রদায়ের কবিদের অংশগ্রহণে এক কবি সম্মেলন অনুষ্ঠিত হয় ।

..................................................................................................

শিলচর- হাফলং মহাসড়কের ময়নাগড়ে আজ এক ভয়াভ সড়ক দুর্ঘটনায় তিনজন মহিলা আহত হয়েছেন । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে কাছাড় জেলার বড়খলা বিধানসভা কেন্দ্রের অন্তর্গত ময়নাগড়ে আজ বিকেলে একটি স্কুটি ও বাইকের মধ্যে মুখোমুখি সংঘর্ষে তিনজন মহিলা আহত হয়েছেন, আহতদের শিলচর মেডিকেল কলেজ ও হাঁসপাতালে চিকিৎসা করা হচ্ছে ।

..................................................................................................

আসাম টি এম্পলীয়জ ওয়েলফেয়ার বোর্ডের পক্ষ থেকে কাছাড় জেলার তিনটি বিধানসভা কেন্দ্র উধারবন্দ , বড়খলা ও কাটিগড়ার মোট ২৯টি চা বাগানের ফুটবল দলকে ক্রীড়া সামগ্রী বিতরন করা হয় । আজ এ

উপলক্ষ্যে শিলচরে বরাক চা শ্রমিক ইউনিয়ন কার্যলয় তিন বিধায়ক কমলাক্ষ্য দে পুরকায়স্থ , রাজদীপ গোয়ালা ও কিশোর নাথ ক্রীড়া সামগ্রীগুলো ফুটবল দলের কর্মকর্তাদের হাতে তুলে ধরেন । এছাড়াও অনুষ্টানে জেলা ক্রীড়া আধিকারীক সারথে তেরানগ , ক্রীড়া সাংবাদিক সংস্থার সভাপতি রতন দেব প্রমূখ উপস্থিত ছিলেন ।

.............................................................................................................

শিলচর তায়কোয়ান্ড এসোসিয়েশনের উদ্যোগে আজ রংপুরে প্রথম ফ্রিডম কাপ তায়কোয়ান্ড প্রতিযোগীতা-২০২৬ অনুষ্টিত হয়েছে । এ উপলক্ষ্যে সকাল সাড়ে সাতটায় রংপুর করাতি গ্রামের একটি বিবাহ ভবন থেকে বর্নাড্য র‍্যালীর মাধ্যমে প্রতিযোগীতার সূচনা হয় । র‍্যালীতে দুশ শিক্ষার্থী অংশ গ্রহন করেন । প্রতিযোগীতায় কাছাড় , শ্রীভূমি ও হাইলাকান্দি জেলা থেকে প্রতিযোগীরা অংশগহন করেছে । অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উধারবন্দের বিধায়ক রাজদীপ গোয়ালা উপস্থিত ছিলেন ।

.............................................................................................................

ধলাই মাতৃভূমি কাপ প্রাইজমানী নক আউট ফুটবল প্রতিযোগীতার কোয়াটার ফাইনালে প্রবেশ করে মথুরাপুর এফ সি । প্রতিযোগীতার আজকের খেলায় মথুরাপুর এফ সি ২-১ গোলের ব্যবধানে ছোট শালগঙ্গা দলকে পরাজিত করে । স্থানীয় বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বহুমূখী বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আগামীকালের খেলায় আব্দুল এফ সি জামালপুর এবং ইসলামাবাদে এফ সি পরস্পরের মূখোমূখি হবে ।